গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
সংখ্যা : ৬/২০১৭

ঢাকা, রোববার ৮ জানুয়ারি ২০১৭, ২৫ পৌষ ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সেনাবাহিনী যে কোনো অশুভ শক্তিকে প্রতিহত করতে প্রস্তুত : প্রধানমন্ত্রী

২। স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোকে পর্যাপ্ত ক্ষমতা দেওয়া হয়েছে : প্রধানমন্ত্রী

৩। সুষ্ঠু নির্বাচনের জন্য রাজনৈতিক দলগুলোর মতৈক্য জরুরি : রাষ্ট্রপতি

৪। অসাম্প্রদায়িক চেতনা এগিয়ে নিতে হবে : রাষ্ট্রপতি

৫। প্রতিকূলতাসহিষ্ণু ফসলের জাত উদ্ভাবনের তাগিদ কৃষিমন্ত্রীর

৬। জঙ্গিবাদ রুখে দিয়েছি, সাগরবক্ষের দস্যুতাও রোধ করতে পারব : জলদস্যু নোয়া বাহিনীর আত্মসমর্পণ অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী

৭। বিত্ত-বৈভবের পিছনে ছুটতে গিয়ে সামাজিক বন্ধন শিথিল হয়ে পড়েছে : আইনমন্ত্রী

৮। ফিরে আসা জঙ্গিদের জন্য পুনর্বাসন কেন্দ্র হচ্ছে : আইজিপি

৯। আজ বিএসইসি ভবন উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

১০। অর্থনীতিতে ভারসাম্য রাখতে তিন সংস্কারের সুপারিশ সিপিডির

চলমান পাতা-২

১। **সেনাবাহিনী যে কোনো অশুভ শক্তিকে প্রতিহত করতে প্রস্তুত : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আমাদের মুক্তিযুদ্ধের আদর্শে গড়ে ওঠা সেনাবাহিনী যে কোনো অশুভ শক্তিকে দৃঢ়ভাবে প্রতিহত করতে পূর্বের চেয়ে অনেক বেশি প্রস্তুত। প্রধানমন্ত্রী বলেন, সাঁজোয়া, গোলন্দাজ ও পদাতিক বাহিনীর নতুন প্রবর্তিত যুদ্ধ সরঞ্জামে সুসজ্জিত সেনাবাহিনীর প্রতি জনগণের আস্থা আরও সুদৃঢ় হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ৭ জানুয়ারি শনিবার নোয়াখালীর স্বর্ণদ্বীপে বাংলাদেশ সেনাবাহিনীর ম্যানুভার অনুশীলন-২০১৬ মহড়া অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২)। **বাংলাদেশ টুডে, এশিয়ান এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

প্রথম আলো, জনকণ্ঠ, যায়যায়দিন, ইন্ডিপেনডেন্টসহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোকে পর্যাপ্ত ক্ষমতা দেওয়া হয়েছে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোকে পর্যাপ্ত ক্ষমতা দেওয়া হয়েছে যাতে এসব প্রতিষ্ঠান, ক্ষমতার বিকেন্দ্রীয়করণে যথেষ্ট শক্তিশালী ভূমিকা পালন করতে পারে। তিনি বলেন, স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলো জনগণের বিভিন্ন সমস্যা সমাধান করার পাশাপাশি প্রাথমিক শিক্ষার উন্নয়নে মুখ্য ভূমিকা পালন করে থাকে। প্রধানমন্ত্রী গতকাল ৭ জানুয়ারি শনিবার তার সরকারি বাসভবন গণভবনে লন্ডনের ব্রেন্টের মেয়র পারভেজ আহমেদ সাক্ষাৎ করতে এলে এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ইনকিলাব (**পৃ.১,ক.৫**), ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **নিউ এজ** (পৃ.২,ক.১)।

৩। **সুষ্ঠু নির্বাচনের জন্য রাজনৈতিক দলগুলোর মতৈক্য জরুরি : রাষ্ট্রপতি**

সুষ্ঠু নির্বাচনের জন্য শক্তিশালী নির্বাচন কমিশনের পাশাপাশি রাজনৈতিক দলগুলোর মতৈক্য প্রতিষ্ঠার ওপর জোর দিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। নির্বাচন নিয়ে বাংলাদেশের রাজনৈতিক দলগুলোর মতপার্থ্যকের মধ্যে গতকাল ৭ জানুয়ারি শনিবার বঙ্গভবনে জাতীয় সমাজতান্ত্রিক দলের (জেএসডি) সঙ্গে আলোচনায় এ বিষয়টিতে গুরুত্ব দেন তিনি। নতুন নির্বাচন কমিশন গঠনে রাজনৈতিক দলগুলোর সঙ্গে ধারাবাহিক সংলাপের মধ্যে আ স ম আবদুর রব নেতৃত্বাধীন দলটির সঙ্গে আলোচনা করেন রাষ্ট্রপতি। সংলাপে জেএসডির ১০ সদস্যের প্রতিনিধি দলটি নির্বাচন কমিশন গঠনে তিন দফা প্রস্তাব রাষ্ট্রপতিকে দিয়েছেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬**), সমকাল** (পৃ.১৯,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান,** (শেষ পৃ.,ক.৮)।

৪। **অসাম্প্রদায়িক চেতনা এগিয়ে নিতে হবে : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সাম্প্রদায়িকতা, কুসংস্কার, সন্ত্রাস ও জঙ্গিবাদ থেকে মুক্ত হতে গণতান্ত্রিক মূল্যবোধ ও অসাম্প্রদায়িক চেতনাকে এগিয়ে নেওয়ার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, স্বৈরাচার সামরিকতন্ত্র, মৌলবাদের উত্থান আমাদের উন্নয়ন ও অগ্রগতির ধারাকে অনেক সময় বাধাগ্রস্ত করেছে। এখনও সাম্প্রদায়িকতা, কুসংস্কার, সন্ত্রাস ও জঙ্গিবাদ আমাদের গণতান্ত্রিক অগ্রযাত্রাকে টেনে ধরছে। এ থেকে মুক্ত হওয়ার জন্য গণতান্ত্রিক মূল্যবোধ ও অসাম্প্রদায়িক চেতনাকে এগিয়ে নিতে হবে। শিক্ষা, সাহিত্য, সংস্কৃতিতে মানবিকতার বিকাশ ঘটাতে হবে। এ জন্য সরকারের পাশাপাশি বিভিন্ন সমাজসেবী সংগঠনকে এগিয়ে আসতে হবে। গতকাল ৭ জানুয়ারি শনিবার বেগম জেবুন্নেছা ও কাজী মাহবুবউল্লাহ জনকল্যাণ ট্রাস্ট আয়োজিত ২৮তম মাহবুবউল্লাহ পুরস্কার বিতরণ অনুষ্ঠানে রাষ্ট্রপতি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৭)।

৫। **প্রতিকূলতাসহিষ্ণু ফসলের জাত উদ্ভাবনের তাগিদ কৃষিমন্ত্রীর**

কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী বলেছেন, নানা রকম চ্যালেঞ্জ মোকাবিলা করেও ফসল উৎপাদনে আমাদের অর্জন সন্তোষজনক। কৃষি বিজ্ঞানীরা ব্রিডিং, মিউটেশন ও জৈবপ্রযুক্তি ব্যবহার করে বন্যা, খরা, জলোচ্ছ্বাস ও লবণসহিষ্ণু জাত উদ্ভাবন করতে সক্ষম হয়েছেন। এখন সময় এসেছে প্রতিকূল পরিবেশ উপযোগী ফসলের জাত উদ্ভাবন করার। এ ব্যাপারে বিজ্ঞানীদের উদ্যোগী হওয়ার আহবান জানান তিনি। গতকাল ৭ জানুয়ারি শনিবার রাজধানীর কেআইবি মিলনায়তনে বাংলাদেশ উদ্ভিদ প্রজনন ও কৌলীতত্ত্ব সমিতির দু'দিনব্যাপী দশম সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫)।

৬। **জঙ্গিবাদ রুখে দিয়েছি, সাগরবক্ষের দস্যুতাও রোধ করতে পারব**
: জলদস্যু নোয়া বাহিনীর আত্মসমর্পণ অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, সবার সহযোগিতায় আমরা যেভাবে জঙ্গি তৎপরতা রুখে

দিয়েছি, তেমনিভাবে সুন্দরভাবে সাগরবক্ষের সকল জলদস্যুকে প্রতিহত করতে পারব। গতকাল ৭ জানুয়ারি শনিবার পটুয়াখালী জেলার কুয়াকাটায় বঙ্গোপসাগরের দুর্ধর্ষ জলদস্যু নোয়া বাহিনীর প্রধান বাকি বিল্লাহ'র নেতৃত্বে অস্ত্রসহ **১২** সদস্যের আত্মসমর্পণ ও আর্থিক অনুদান প্রদান উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে অন্য জলদস্যুদেরও আত্মসমর্পণের আহ্বান জানান স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি জলদস্যুদের পুনর্বাসনের আশ্বাস দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান,** (পৃ.৩,ক.১)।

৭। বিত্ত-বৈভবের পিছনে ছুটতে গিয়ে সামাজিক বন্ধন শিথিল হয়ে পড়েছে : আইনমন্ত্রী

আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক বলেছেন, শুধু শাস্তি দিয়ে অপরাধ বন্ধ করা সম্ভব নয়। অপরাধ বন্ধ করতে শাস্তির পাশাপাশি প্রতিরোধমূলক ব্যবস্থা গড়ে তুলতে হবে। তিনি বলেন, বর্তমান পৃথিবীতে বিত্ত-বৈভরের পিছনে ছুটতে গিয়ে আমাদের পারিবারিক ও সামাজিক বন্ধন কোথাও কোথাও দুর্বল বা বিচ্ছিন্ন হয়ে পড়েছে। পরিবার ও সমাজ থেকে শিক্ষা নেওয়া যেটা আগে অনেক ছিল তা কোথাও কোথাও কমে গেছে। তাই আমাদের পারিবারিক ও সামাজিক বন্ধন সৃদৃঢ় ও শক্তিশালী করতে হবে। বিচ্ছিন্ন বন্ধন আবার জোড়া লাগাতে হবে। তাহলে সামাজিক অপরাধ অনেক কমে যাবে। অপরাধ প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও বিচার বিষয়ক গবেষণা প্রতিষ্ঠান 'বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্রাইম অ্যান্ড জাস্টিস স্টাডিজ'র প্রথম বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন আইনমন্ত্রী। গতকাল ৭ জানুয়ারি শনিবার বাংলা একাডেমির কবি শামসুর রহমান মিলনায়তনে সম্মেলনের উদ্বোধন অধিবেশনে 'সহিংসতার নানা ধরন : বাংলাদেশ' শীর্ষক আলোচনায় অংশ নেন তিনি। সূত্র-**জনকন্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৩), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪), **নিউ এজ** (পৃ.৩,ক.২)।

৮। ফিরে আসা জঙ্গিদের জন্য পুনর্বাসন কেন্দ্র হচ্ছে : আইজিপি

জঙ্গি কার্যক্রম থেকে ফিরে আসা ব্যক্তিদের জন্য একটি পুনর্বাসন কেন্দ্র স্থাপনের ওপর গুরুত্বারোপ করেছেন পুলিশের ইন্সপেক্টর জেনারেল এ কে এম শহীদুল হক। গতকাল ৭ জানুয়ারি শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্রিমিনোলজি বিভাগ আয়োজিত 'টেররিজম ইন দি ওয়েভ অফ ইসলামিক স্টেট' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ ধরনের পুনর্বাসন কেন্দ্রের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন তিনি। বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত দুই দিনব্যাপী এ সম্মেলনে বাংলাদেশ, ভারত, নেদারল্যান্ড ও জার্মানিসহ বিভিন্ন দেশের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.৬), **নিউ নেশন** (পৃ.১,ক.৫)।

৯। আজ বিএসইসি ভবন উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

আজ ৮ জানুয়ারি রোববার উদ্বোধন হচ্ছে শেয়ারবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) নিজস্ব ভবন। রাজধানীর আগারগাঁওয়ে নির্মিত ভবনটি উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। নিজস্ব অর্থে প্রায় ৪৫ কোটি টাকা ব্যয়ে ভবনটি নির্মাণ করেছে নিয়ন্ত্রক সংস্থাটি। একই সঙ্গে আজ দেশব্যাপী আর্থিক শিক্ষা (ফাইন্যান্সিয়াল লিটারেসি) কার্যক্রম উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। আগারগাঁওয়ে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের এক অনুষ্ঠানে এ কার্যক্রমের উদ্বোধন করবেন বলে জানিয়েছেন বিএসইসির মুখপাত্র ও নির্বাহী পরিচালক সাইফুর রহমান। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৩), **ফিনানশিয়াল একপ্রেস** (শেষ পৃ.,ক.৫)।

১০। অর্থনীতিতে ভারসাম্য রাখতে তিন সংস্কারের সুপারিশ সিপিডির

২০১৫-১৬ অর্থবছরে সরকার অর্থনীতির ভালো অবস্থার মধ্য দিয়ে পার করেছে। বর্তমানে এ ধারা অব্যাহত রাখতে চলতি অর্থবছরের বাজেট ও আগামী বাজেটে কয়েকটি খাতে বড় ধরনের সংস্কারের সুপারিশ করেছে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। যেমন, রাষ্ট্রীয় বিনিয়োগের গুণগত মান বৃদ্ধি, সঞ্চয়পত্রে সুদের হার আরও কমানো, স্থানীয় সরকারকে শক্তিশালীকরণসহ ব্যাংকিং খাত সংস্কারের প্রয়োজন। একই সঙ্গে একটি ব্যাংকিং কমিশন গঠনের সুপারিশ করেছে সিপিডি। গতকাল ৭ জানুয়ারি শনিবার রাজধানীর মহাখালীতে ব্র্যাক সেন্টারে সেন্টার ফর পলিসি ডায়ালগ আয়োজিত চলতি অর্থবছরের 'বাংলাদেশের ২০১৬-১৭ অর্থবছরের প্রথম অন্তবর্তীকালীন পর্যালোচনা' শীর্ষক সংবাদ সম্মেলনে সিপিডি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল একপ্রেস** (পৃ.১,ক.২)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** কৃষিবিষয়ক সকল সমস্যা সমাধানে চালু হওয়া 'কৃষকের জানালা,' 'কৃষকের ডিজিটাল ঠিকানা' ও 'বালাইনাশক নির্দেশিকা' নামের তিনটি অ্যাপে'র প্রশংসনীয় উদ্যোগের সাফল্যে কর্তৃপক্ষকে শুধুমাত্র কৃষকদের জন্য কিছুটা ভর্তুকি দিয়ে স্মার্ট ফোনের দাম কমিয়ে আনার সুপারিশ ।

খ. **সংবাদ, ইনকিলাব :** হানিফ ফ্লাইওভার থেকে অবিলম্বে অবৈধ বাস বে ও সিঁড়ি সরিয়ে বাস স্টপেজ উচ্ছেদ করে তা স্থায়ীভাবে বন্ধ করার আহ্বান।

গ. **জনকণ্ঠ, সমকাল :** মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গলে তুচ্ছ কারণে বিজিবি'র কিছু সদস্যের কারণে যে বড় হাঙ্গামা ও ক্ষয়ক্ষতি ঘটেছে তা অনভিপ্রেত ও দুঃখজনক বলে মন্তব্য করে এর দৃষ্টান্তমূলক প্রতিকারের প্রত্যাশা

ঘ. **প্রথম আলো :** ধলেশ্বরী নদীতে এমডিএন ব্রিক কোম্পানির ইটভাটা গড়ে তোলার বিষয় তুলে ধরে এসব দেখার দায়িত্ব যাদের সংশ্লিষ্ট সবাইকে এ জন্য জবাবদিহিতার বাধ্য করাসহ দায়ীদের বিরুদ্ধে অবিলম্বে আইনি ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঙ. **সমকাল :** বিশ্ববাজারে জ্বালানির দাম নিম্নপর্যায়ে স্থিতিশীল থাকার পরিপ্রেক্ষিতে দেশে এলপি গ্যাসের দাম সহনীয় রাখার জন্য দ্রুত পদক্ষেপ নেওয়ার আহ্বান।

চ. **যুগান্তর :** অবিলম্বে বেসরকারি ৭৫ হাজার শিক্ষক-কর্মচারীর অবসর ভাতার ও কল্যাণ ভাতার আবেদনের সুরাহা করার ওপর গুরুত্বারোপ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** বরিশালের কলসকাঠি গ্রামে ১৫০টি অবৈধ ইটভাটা থাকায় সেখানকার পরিবেশ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ায় পরিবেশ অধিদফতরকে এ বিষয়ে আইনি পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

জ. **ডেইলি সান :** এশিয়া-প্যাসিফিক ট্রেড এগ্রিমেন্টে বাংলাদেশের ৬ হাজার পণ্যের শুল্কমুক্ত প্রবেশাধিকার থাকার পরিপ্রেক্ষিতে পণ্যের সংখ্যা বাড়ানো ও পণ্য বহুমুখীকরণের ওপর গুরুত্ব দেওয়ার আহ্বান।

ঝ. **ডেইলি স্টার, নিউ নেশন, প্রথম আলো :** প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে দেওয়া বিনামূল্যের নতুন পাঠ্যবইয়ে ভুলের অভিযোগ আমলে নিয়ে শতভাগ নির্ভুল পাঠ্যবই প্রণয়ন ও মুদ্রণের ব্যবস্থা নিশ্চিত করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপসম্পাদকীয়

ইত্তেফাক : জনসংখ্যার বোনাসকালের সুযোগ কাজে লাগাতে সবার আগে প্রয়োজন জনগোষ্ঠীকে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা, তাদের কারিগরি প্রশিক্ষণ দেওয়া বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ

সংবাদ : 'অগ্নিনির্বাপণে সক্ষমতা বাড়াতে হবে' শিরোনামের নিবন্ধে মুসাহিদ উদ্দিন আহমেদ গামেন্টসসহ ব্যবসা-বাণিজ্য কেন্দ্র' কল-কারখানার শ্রমিকদের জীবন ও জীবিকার অবলম্বন এসব প্রতিষ্ঠানগুলোকে আগুনের হাত থেকে টিকিয়ে রাখতে সংশ্লিষ্টদের যত্নশীল হওয়া জরুরি বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা